# জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস ২০২৩

বাংলাদেশে জন্ম নিবন্ধন প্রতিটি শিশুর জন্মগত অধিকার। জাতিসংঘ শিশু অধিকার সনদে জন্মের পরপরই শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার কথা বলা হয়েছে। প্রতিটি শিশুর অধিকার সুরক্ষার পূর্বশর্ত হচ্ছে তার জন্ম নিবন্ধন করা। শিশুর জন্য সকল আইন ও বিধিবিধান যথাযথভাবে প্রয়োগ করতে সঠিক বয়স নির্ধারণ খুবই প্রয়োজন।

একজন শিশুর জন্ম নিবন্ধনের ফলে তার সঠিক বয়স নির্ধারণের দরুণ নানাবিধ রাষ্ট্রীয় সুবিধা পাবে। জন্ম নিবন্ধনের সাথে সাথে শিশু পাবে রাষ্ট্রের স্বীকৃতি। বাংলাদেশে শিশু সম্পর্কিত আইনে শিশু অধিকার রক্ষায় রাষ্ট্র দায়িত্ব নিয়েছে। বাংলাদেশের মত দেশে শিশুর জন্ম নিবন্ধন হলো শিশুদের স্থায়ী পারিবারিক পরিচিতি। আর ***জন্ম নিবন্ধন সনদ হচ্ছে দেশের মানুষের একটি আনুষ্ঠানিক স্বীকৃতিপত্র***। বাংলাদেশের জন্ম নিবন্ধন আইনের আওতায় ইউনিয়ন পরিষদ, পৌরসভা জন্ম নিবন্ধন করার জন্য দায়িত্বপ্রাপ্ত। ২০০৮ সালের ডিসেম্বরে সকল শিশুর জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে।




**জন্ম নিবন্ধন না করায় অসুবিধাসমূহঃ**

জন্ম নিবন্ধন না হবার ফলে শিশু তাদের নিজের দেশ,ঘর, আশ্রয় এবং নাগরিকত্ব থেকে বঞ্চিত হয়। জন্ম নিবন্ধন না হলে ভোটার হিসেবে সঠিক সময়ে নাম অন্তর্ভুক্তি হয় না, চাকুরীর বয়সসীমা নির্ধারণে সমস্যা হয়, দেশের নাগরিক হিসেবে প্রমাণ করা যায় না, স্কুলে সঠিক সময়ে ভর্তি করানো যায় না এবং বাল্য বিবাহ রোধ করা সম্ভব হয় না। জন্ম নিবন্ধন না থাকলে নাগরিক হিসেবে পাসপোর্ট প্রাপ্তি, সরকারী বিভিন্ন ভাতাদিসহ সামাজিক নিরাপত্তা সহায়তা থেকে বঞ্চিত হবেন। এমনকি শিশুর বিনামূল্যে টিকাসেবা গ্রহণের জন্যও জন্ম নিবন্ধন প্রয়োজন।

**১৮টিরও অধিক সেবা পেতে জন্ম সনদের ব্যবহার বাধ্যতামূলক**

➢ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ➢ বিবাহ নিবন্ধন ➢ পাসপোর্ট ইস্যু ➢ জাতীয় পরিচয়পত্র ➢ জমি রেজিস্ট্রেশন

➢ স্বাস্থ্য সেবা ➢ চাকুরিতে নিয়োগ ➢ ট্রেড লাইসেন্স

➢ ব্যাংক হিসাব খোলা ➢ আমদানি-রপ্তানি লাইসেন্স ➢ গ্যাস, পানি, টেলিফোন ও বিদ্যুৎ সংযোগ প্রাপ্তি ➢ টিআইএন

➢ ঠিকাদারি লাইসেন্স ➢ ড্রাইভিং লাইসেন্স ➢ গাড়ির রেজিস্ট্রেশন ➢ বাড়ির নকশা অনুমোদন ➢ ভোটার তালিকা প্রণয়ন

➢ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হতে যে কোনো সেবা প্রাপ্তি।

**৪টি ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদ অত্যাবশ্যক**

➢ উত্তরাধিকার সংক্রান্ত (সাকসেশন সার্টিফিকেট)
➢ পারিবারিক পেনশন প্রাপ্তি ➢ মৃত ব্যক্তির লাইফ ইনস্যুরেন্সের দাবি মেটানো
➢ নামজারি ও জমাভাগ প্রাপ্তি।

**শিশুর পিতা বা মাতা বা অভিভাবক বা নির্ধারিত ব্যক্তি উক্ত শিশুর জন্মের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে জন্ম সংক্রান্ত তথ্য নিবন্ধকের নিকট প্রদান করতে ব্যর্থ হলে অনধিক ৫০০০ টাকা অর্থদন্ডে দন্ডিত হতে পারেন। মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে একই শাস্তির বিধান রয়েছে।**

প্রচারেঃ উপজেলা প্রশাসন, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

**সহযোগিতায়ঃ উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া এবং ওয়ার্ল্ড কনসার্ন, এপি**

**জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্তগণের সাথে যোগাযোগঃ**

| ক্রম | অধিক্ষেত্রে | যোগাযোগ |
|---|---|---|
| ১ | ফুলবাড়ীয়া পৌরসভা | ০১৭১২৪২৫৯৭৫ |
| ২ | নাওগাও ইউনিয়ন | ০১৭২৪১০১৩৫৮ |
| ৩ | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |